

স্মারক নং: ০৩.৮০৪.০০৩.০০.০০.০১৭.২০১৪/ ২৩৭

তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০১৪

**বিষয়: ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত “উদ্যোক্তা সম্মেলন”-এ অংশগ্রহণ প্রসঙ্গে।**

আগামী ১১ নভেম্বর ২০১৪ তারিখে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে উদ্যোক্তাদের অনুপ্রাণিত করা ও তাদের নিজেদের মধ্যে পারস্পরিক মিথস্ক্রিয়ার জন্য জাতীয় প্যারেড স্কোয়ারে “উদ্যোক্তা সম্মেলন” অনুষ্ঠিত হবে। উক্ত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সম্মেলনে অংশগ্রহণ সম্পর্কিত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

- ক) সম্মেলনে প্রতিটি ইউনিয়ন/পৌর/নগর ডিজিটাল সেন্টার থেকে কমপক্ষে ১ জন নারী ও ১ জন পুরুষ উদ্যোক্তা অংশগ্রহণ করবেন। কেন্দ্রে বিকল্প উদ্যোক্তা হিসেবে কর্মরতরাও সম্মেলনে অংশগ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে উপজেলা প্রশাসন/জেলা প্রশাসন/পৌরসভা/সিটি কর্পোরেশনের পূর্বানুমতির প্রয়োজন হবে।
- খ) সম্মেলন সকাল ৯ টায় শুরু হবে এবং বিকেল ৫ টায় শেষ হবে।
- গ) সম্মেলনে অংশগ্রহণের জন্য উদ্যোক্তাদের যাতায়াত ভাড়া প্রদান করা হবে না।
- ঘ) সম্মেলনে উদ্যোক্তাদের সাথে প্রতিটি জেলার জেলা প্রশাসন/পৌরসভা/সিটি কর্পোরেশন থেকে সর্বোচ্চ ২ জন কর্মকর্তা অংশগ্রহণ করতে পারবেন।
- ঙ) সম্মেলনে অংশগ্রহণের জন্য উদ্যোক্তাদের ছবি সম্বলিত পরিচয় পত্র (আইডি কার্ড) প্রদান করা হবে। এ লক্ষ্যে উদ্যোক্তাদের ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে আগামী ২০ অক্টোবর ২০১৪ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। ওয়েব লিংকটি পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।
- চ) সম্মেলন সম্পর্কিত তথ্য জানতে অথবা যে কোনো প্রয়োজনে মাজেদুল ইসলাম (ইউনিয়ন ডিজিটাল সেন্টার)-০১৭১১২৩৬২৩০ এবং ম্যাবল সিলভিয়া রডিকস (পৌর ও নগর ডিজিটাল সেন্টার)-০১৭১৬৩২৭৪৬০ এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

উক্ত সম্মেলন সফল করতে সকল ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)  
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও  
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
- ২। জেলা প্রশাসক (সকল)।
- ৩। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), রিজিওনাল আরবান সাপোর্ট ইউনিট, এলজিইডি, ঢাকা/ময়মনসিংহ/ফরিদপুর/কুমিল্লা/রাজশাহী/বরিশাল/রংপুর/খুলনা/চট্টগ্রাম।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। বিভাগীয় কমিশনার, সকল।
- ৩। মেয়র/প্রশাসক, পৌরসভা/সিটি কর্পোরেশন (সকল)
- ৪। অফিস কপি।